**Times Today BD**

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 28 May, 2025

জামালপুরের বকশীগঞ্জে “শিশু থেকে প্রবীণ পুষ্টিকর খাবার সর্বজনীন” প্রতিপাদ্য নিয়ে জাতীয় পুষ্টি সপ্তাহ উদ্বোধন করা হয়েছে।

বুধবার (২৮ মে) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন করেন ভারপ্রাপ্ত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসমা লাবনী।

যক্ষা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ সহকারী আব্বাস আলীর সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন সহকারী সার্জন ডা. নুজহাত আফরিন, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান রেজাউল করিম, ভারপ্রাপ্ত সমাজসেবা কর্মকর্তা হাফেজ উদ্দিন, উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জিএম ফাতিউল হাফিজ বাবু, বকশীগঞ্জ থানার উপপরিদর্শক মনজুরুল ইসলাম।

সকল শ্রেণির মানুষের জন্য পুষ্টি নিশ্চিত করতে জনসচেতনতা বাড়াতে প্রত্যেকের প্রতি আহবান করা হয়।

২৮ মে থেকে ৩ জুন পর্যন্ত জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন করা হবে।উপজেলা স্বাস্থ্য বিভাগ পুষ্টি সপ্তাহ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে।

জাতীয় পুষ্টি সপ্তাহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:34

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/8897063067